দৈনিক ইনকিলাব

তারিখ ... 27 AUG 2007 ...
পৃষ্ঠা ... ২ ...

এইচএসাস ৬৪.২৭, আলিম ৭৪.৩১, কারিগরি ৬৮.১৩

পাসের হার বেড়েছে

❑ গড় ৬৫.৬০ ❑ ১১,১৪০ জন জিপিএ-৫ ❑ শীর্ষে ঢাকা ❑ সর্বনিম্নে বরিশাল বোর্ড

নকিলাব

বোর্ডের নাম	পাসের হার	ছাত্র	ছাত্রী	জিপিএ ৫	ছাত্র(জিপিএ)	ছাত্রী(জিপিএ)
ঢাকা	৭০.৭৭	৭০.৯২	৭০.৫৯	৫২৫৪	২৮২৯	২৪২৫
সিলেট	৬৫.৯৮	৬৬.১৬	৬৫.৮০	৩১৪	২০২	১১২
কুমিল্লা	৬৫.৭৫	৬৭.৩৫	৬৩.৮৪	৫০৬	৩০৯	১৯৭
রাজশাহী	৬১.৮৯	৬১.৯১	৬১.৮৭	১৮১৮	১০৯৩	৭২৫
চট্টগ্রাম	৬১.৩৬	৬০.৯৭	৬১.৮২	৯১১	৪৪৬	৪৬৫
যশোর	৫৯.৪৮	৬১.৫৪	৫৬.৮৬	১১৯১	৭১৮	৪৭৩
বরিশাল	৫৫.৬৩	৫৮.২৯	৫২.৬০	২১১	১২০	৯১
মাদ্রাসা বোর্ড	৭৪.৩১	৭৫.৩০	৭২.২০	৯৩০	৭৯০	১৪০
কারিগরি বোর্ড	৬৮.১৩	৬৮.০২	৬৮.৩৭	৫	৩	২
সর্বমোট	৬৫.৬০	৬৬.৪৮	৬৪.৪২	১১,১৪০	৬,৫১০	৪,৬৩০

ছবিদের একাংশ

ইনকিলাব রিপোর্ট : দেশের সাতটি সাধারণ শিক্ষা বোর্ডের এইচএসসি, মাদ্রাসা শিক্ষা বোর্ডের আলিম ও কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি বিএম পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার ৭ বোর্ডে পাসের হার গত বছরের চেয়ে ২% বেড়েছে। ৫ লাখ ৩৫ হাজার ১৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৩ লাখ ৪৯ হাজার ৭৪৯ জন পাস করেছে। পাসের হার ৬৫ দশমিক ৬০ ভাগ। জিপিএ-৫ এর সংখ্যা ১১ হাজার ১৪০ জন। পাসের হারের বিবেচনায় গত বছরের ন্যায় এবারও ৯ বোর্ডে শীর্ষস্থান অর্জন করেছে মাদ্রাসা শিক্ষা বোর্ড। তবে এ হার গতবারের তুলনায় কম। এবার জিপিএ-৫ পাওয়ার ক্ষেত্রে রাজধানী নটরডেম কলেজ সকল বোর্ডের মধ্যে শীর্ষস্থান অর্জন করেছে। এ প্রতিষ্ঠানের জিপিএ-৫ এর সংখ্যা ৮২৫ জন। এ বছর এক শ' ভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা গতবছরের তুলনায় বেড়ে ৪৩৪টি হয়েছে। ২০০৬ সালে এ সংখ্যা ছিল ৩৬৩টি।

- ঢাকা ৭০.৭৭
- সিলেট ৬৫.৯৮
- কুমিল্লা ৬৫.৭৫
- রাজশাহী ৬১.৮৯
- চট্টগ্রাম ৬১.৩৬
- যশোর ৫৯.৪৮
- বরিশাল ৫৫.৬৩

অপরদিকে, একজনও পাস করেনি এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা গত কয়েক বছরের ধারাবাহিকতায় এবারও কমেছে। ৬০টি প্রতিষ্ঠান থেকে এবার কেউ পাস করেনি। আগের বছর এ সংখ্যা ছিল ৮৬টি। এদিকে ২০০১ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত বহিস্কৃত শিক্ষার্থীর সংখ্যা প্রতিবারের তুলনায় কম থাকলেও, এ বছর তা বেড়ে গেছে। এ বছর পরীক্ষা শেষ হওয়ার মাত্র ৫৯ দিনের মাথায় ফল প্রকাশ করা হয়েছে। গতবার ৬৫ দিনের মাথায় এ ফল প্রকাশিত হয়।

গতকাল বেলা সাড়ে ১২টায় ঢাকা শিক্ষা বোর্ডের সভাকক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুল আউয়াল মজুমদার, যুগ্ম-সচিব (মাধ্যমিক) নজরুল ইসলাম খানসহ বোর্ড চেয়ারম্যানগণ ফলাফলের সারাংশে তুলে ধরে আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন। সারা দেশের পরীক্ষা কেন্দ্রগুলোতে ও দিকে চারটার দিকে ফলাফল

পৃঃ ১৬ কঃ ৫